



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



জরুরি

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৮৩৩

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭

০৫ আগস্ট ২০২০

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য রেল, সড়ক ও নৌপথে মোট ৩১১৪০ মে.টন গমের চলাচল সূচি।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ২৯/০৭/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০৪.১৯.৭৯৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা বিভাগে আগস্ট/২০২০ মাসে ইপি, ওপি, ময়দামিল খাতে বিলি-বিতরণের জন্য গমের সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডিতে আগস্ট/২০২০ মাসে ইপি, ওপি, ময়দামিল সহ বিভিন্ন খাতে বিলি-বিতরণ এবং গমের মজুত গড়ে তোলার লক্ষ্যে সশ্রয়ী রুট বিবেচনায় রেল, সড়ক ও নৌপথে মোট ৩১১৪০ মে.টন গমের চলাচল সূচি নিম্নোক্ত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

রেল পথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	ঠিকাদারি প্রতিষ্ঠান	মন্তব্য
১.	চট্টগ্রাম সাইলো	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ সাইলো	৫০০০	গম	রেল পথ (হপার)	মে/রিমি এন্টারপ্রাইজ	
			মোট =	৫০০০				

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	তেজগাঁও সিএসডি	ঢাকা	সাভার এলএসডি	৫০০	গম	সড়ক পথ	জেখানি, ঢাকা উপসূচি জারি করবেন।
২.	ঐ	ঐ	কোনাখোলা এলএসডি	৪০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	কলতাবাজার এলএসডি	৪০০	ঐ	ঐ	
৪.	নারায়ণগঞ্জ সাইলো	নরসিংদী	নরসিংদী এলএসডি	৬০০	ঐ	ঐ	আখানি, ঢাকা উপসূচি জারি করবেন।

৫.	ঐ	গাজীপুর	জয়দেবপুর এলএসডি	৫০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	কালিয়াকৈর এলএসডি	৩০০	ঐ	ঐ	
৭.	ঐ	ঐ	শ্রীপুর এলএসডি	৩০০	ঐ	ঐ	
৮.	ঐ	মুন্সীগঞ্জ	মিরকাদিম এলএসডি	২০০	ঐ	ঐ	
৯.	ঐ	মানিকগঞ্জ	মানিকগঞ্জ এলএসডি	৩০০	ঐ	ঐ	
১০.	ঐ	শেরপুর	শেরপুর এলএসডি	৪৫	ঐ	ঐ	
১১.	ঐ	টাংগাইল	টাংগাইল এলএসডি	২০০	ঐ	ঐ	
১২.	ঐ	ঐ	বি-বেতকা এলএসডি	৩০০	ঐ	ঐ	
১৩.	ঐ	ঐ	করটিয়া এলএসডি	১০০	ঐ	ঐ	
১৪.	ঐ	ঐ	ঘাটাইল এলএসডি	২০০	ঐ	ঐ	
১৫.	ঐ	ঐ	মির্জাপুর এলএসডি	৪৫	ঐ	ঐ	
১৬.	ঐ	নারায়ণগঞ্জ	মুড়াপাড়া এলএসডি	২০০	ঐ	ঐ	
১৭.	ঐ	ঐ	সোনাকাঁও এলএসডি	২০০	ঐ	ঐ	
১৮.	আশুগঞ্জ সাইলো	নেত্রকোনা	নেত্রকোনা এলএসডি	১৫০	ঐ	ঐ	চসনি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন।
১৯.	ঐ	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ এলএসডি	২০০	ঐ	ঐ	
			মোট =	৫১৪০			

নৌপথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	১৬০০০	ঢালা গম	নৌ পথ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন।
২.	নারায়ণগঞ্জ সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সিএসডি	৫০০০	বস্তাবন্দি গম	ঐ	জেখানি, নারায়ণগঞ্জ উপসূচি জারি করবেন।
			মোট =	২১০০০			
			সর্বমোট =	৩১১৪০			

পরিবহণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাবলী:

১। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, চট্টগ্রাম সাইলো, আশুগঞ্জ সাইলো এবং ব্যবস্থাপক, তেজগাঁও সিএসডি প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্ট অনুযায়ী গম পরিবহণ করাবেন;

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;

৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;

৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ১৯/০৮/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৫-৮-২০২০

মোঃ ফজলে রাস্কী হায়দার

উপ-পরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর,

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের

কার্যালয়, চট্টগ্রাম

৩) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো

- ৪) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ৫) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৭) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৮৩৩/১(১০)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭  
০৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক (পরিবহন), পরিচালক (ট্রাফিক)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ৯) ব্যবস্থাপক, ....., সিএসডি।
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা ....., এলএসডি।

৫-৮-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার  
উপ-পরিচালক